

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

(সিটি কর্পোরেশন-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ কার্তিক ১৪২২/০২ নভেম্বর ২০১৫

নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০০৬.১২.৫৯৬—যেহেতু, আপনি জনাব মোঃ মনিরুজ্জামান, পিতা মৃত সলিম উদ্দীন ফকির, ২২, হাজী মহসীন রোড, খুলনা সদর, খুলনা, খুলনা সিটি কর্পোরেশন এর নির্বাচিত মেয়র; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েরকৃত (১) খুলনা থানার মামলা নং ১৯, তারিখ ২৬-১১-২০১৩ এর বিষয়ে অভিযোগপত্রসমূহ নং ১০৪ ও ১০৪(ক) তারিখ-৩০-০৪-২০১৫ (২) খুলনা থানার মামলা নং ৫, তারিখ ০৪-০১-২০১৪ এর বিষয়ে অভিযোগপত্র নং ১৫৯, তারিখ-৩১-০৫-২০১৫ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) মোতাবেক সিটি কর্পোরেশনের মেয়র এর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িক বরখাস্ত করার বিধান রয়েছে।

সেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে আপনি জনাব মোঃ মনিরুজ্জামান-কে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রউফ মিয়া

উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৮৮৫৩)

মূল্য : টাকা ৪.০০